# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
### ৭৪তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১১ ডিসেম্বর ২০১৩ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১২ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০১ ঃ* গত ১৬ নভেম্বর ২০১৩ অনুষ্ঠিত সাধারণ সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়ণের অগ্রগতি ও কার্যক্রম গ্রহণের ব্যাপারে সভাপতি মহোদয় ইসির উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে অবহিত করেন এবং গত ১২ নভেম্বর ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৭৩তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করেন। উক্ত কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-০২ ঃ* এল টু এন হেলথ্ ক্লাব এর আবেদন পত্রে মুক্ত শরীরচর্চা ও যোগ ব্যায়াম করা প্রসঙ্গে সভায় বিষদ আলোচনা হয়। অত্র কনভেনশন সেন্টারের লেভেল-১ ও লেভেল-২ তে এ ধরণের কোন অনুষ্ঠানের জন্য রুম বরাদ্ধ দেয়া সম্ভব নয় মর্মে সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | কনভেনশন সেন্টার কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বারিধারা ডিওএইচএস পুকুর পাড়ের উত্তর পূর্ব কর্ণারে অবস্থিত ঝর্নাটি চালু রাখার জন্য অনেক ধরণের চেষ্টা করা সত্বেও কাঙ্খিত ফল না পাওয়ায় উহা অপসারণ করতঃ দৃষ্টি নন্দন একটি ফোয়ারা নির্মাণ করা এবং মহিলাদের বসা ও গল্পসল্প করার জন্য সৌন্দর্য্যময় একটি 'লেডিস কর্ণার' তৈরী করণ নিয়ে আলোচনা হয় এবং উহা বাস্তবায়ণের জন্য নিম্নোল্লিখিত সদস্যদের সমন্বয়ে একটি পর্ষদ গঠন করা হয় ঃ<br><br>সভাপতি ঃ কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)<br><br>সদস্য ঃ ১। ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন (অবঃ)<br>২। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ)<br>৩। ডাঃ পারভীন হক চৌধুরী | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* বারিধারা ডিওএইচএস লেডিস সাব-কমিটির সাপ্তাহিক সভার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং সাপ্তাহিক সভার পরিবর্তে পাক্ষিক অর্থাৎ ১৫ দিন পর পর (মাসে ২টি) সভা করার জন্য সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ সিদ্ধান্ত জানুয়ারী ২০১৪ হতে কার্যকর হবে। | কনভেনার লেডিস সাব কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* লেডিস সাব-কমিটির সম্মানিত সদস্যগণের মধ্যকার মতপার্থক্য দূর করণের জন্য এবং সর্ব অবস্থায় শান্তিপূর্ণ অবস্থা নিশ্চিত করার জন্য বারিধারা ডিওএইচএস লেডিস সাব-কমিটি এবং উপদেষ্টা কমিটির পলিসি পর্যবেক্ষণ প্রসঙ্গে আলোচনা করা হয় এবং সময়োপযোগী কার্যকর নীতিমালা তৈরী করার জন্য নিম্ন বর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি সাব-কমিটি গঠন করা হয় ঃ<br><br>সভাপতি ঃ ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ)<br><br>সদস্য ঃ ১। কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)<br>২। গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ)<br>৩। ডাঃ পারভীন হক চৌধুরী<br>৪। মিসেস সাহিদা রফিক | লেডিস সাব-কমিটি/পর্ষদের সভাপতি ও সদস্যগণ |

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের বিভিন্ন রুম পরিষদ নির্বাহী কমিটির বাইরের ব্যক্তি বা সংস্থা কর্তৃক ব্যবহার করার অনুরোধ প্রাপ্তির বিষয়ে বিশদ আলোচনা করা হয়। অত্র পরিষদের কোন রুম বহিরাগতদের ব্যবহারের জন্য বরাদ্দ না দেয়ার ব্যাপারে সকলে একমত পোষন করেন। কনভেনশন সেন্টারের ২টি হল ব্যতীত ভবিষ্যতে কনভেনশন সেন্টারের সামনের খালি জায়গায় কোন অনুষ্ঠানের আয়োজন করার অনুমতি না দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কঠোরভাবে অনুসরণ করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ* ফিটনেস সেন্টারের নতুন নকশা নিয়ে সভায় আলোচনা করা হয়। ডিওএইচএস এলাকায় বিশেষকরে পার্ক এলাকায় জায়গার স্বল্পতার কারণে ফিটনেস সেন্টারটির ভবিষ্যত বর্ধিত করার বিষয়টি বিবেচনায় রেখে ৩ (তিন) তলার Foundation রেখে নির্মাণ কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ* বারিধারা ডিওএইচএস'র ৬নং সড়কের ৩৬৬/৮ নং বাড়ীর দীর্ঘদিন যাবৎ মসজিদ সংলগ্ন এলাকায় স্তুপকৃত নির্মাণ সামগ্রীর একটি তালিকা প্রস্তুত করে উহার ছবিসহ ক্যান্টনমেন্ট থানায় একটি সাধারণ ডায়েরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সকল নির্মাণ সামগ্রী Dispose করার পূর্বে ষ্টেশন সদর দপ্তর, ঢাকা ও ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অবগত রেখে নির্মাণ সামগ্রীগুলি Dispose করা হচ্ছে তা জানিয়ে শেষবারের মত আগামী ২০ ডিসেম্বর ২০১৩ তারিখের মধ্যে লেঃ কর্ণেল নাসির উদ্দিন আহমেদ (অবঃ) কে একটি পত্র প্রেরণ করতে হবে।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ* বারিধারা ডিওএইচএস আবাসিক এলাকায় সম্প্রতি ঘটে যাওয়া একটি অনাকাঙ্খিত ঘটনা সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। সেনানিবাস এলাকা থেকে কোন বাসিন্দাকে সরকারের কোন সংস্থা কর্তৃক উঠিয়ে নিয়ে যাওয়া বা গ্রেফতারের পূর্বে ষ্টেশন হেড কোয়ার্টারের পত্র অনুযায়ী ডিওএইচএস পরিষদকে অবহিত করতে হবে। গোপনীয়তার জন্য পরিষদকে অবহিত করতে অসুবিধা থাকলে ষ্টেশন হেড কোয়ার্টারকে অবহিত করতে হবে।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ* BSI হতে DO Letter এর মাধ্যমে তাদের উন্নয়ণ কার্যক্রম বা পত্রিকা মুদ্রণের জন্য অত্র পরিষদের নিকট দোয়া ও সহযোগিতা চেয়ে যোগাযোগ করা হয় যার উদ্দেশ্য একজিকিউটিভ কমিটির নিকট সুস্পষ্ট নয়। ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) ডিওএইচএস বারিধারার স্কুল কমিটির সদস্য/প্রতিনিধি বিধায় BSI Principal এর নিকট হতে DO লেখার উদ্দেশ্যের বিষয়টি স্পষ্ট করবেন।

*আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়।

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

| | |
|---|---|
| কর্ণেল এম আব্দুল হাই | ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাঃ |
| সভাপতি | সেক্রেটারী |
| তারিখ ঃ 16 ডিসেম্বর ২০১৩ | তারিখ ঃ 16 ডিসেম্বর ২ |

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য
লেডিস সাব-কমিটি